



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
www.dhakaeducationboard.gov.bd

জরুরী বিজ্ঞপ্তি

স্মারক নং-বিবিধ/ ৬৫৪

তারিখ: ২৭/১২/২০১৮

বিষয়ঃ শিক্ষা প্রতিষ্ঠানে গভর্ণিং বডি/এডহক কমিটির সভাপতির দায়িত্ব পালন প্রসঙ্গে।


সূত্র : শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং ৩৭.০০.০০০০.০৭২.৩১.০০১.১৭.২৮৮, তারিখ ১১/১২/২০১৮

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জাতীয় সংসদ নির্বাচন সংক্রান্ত শিক্ষা মন্ত্রণালয়ের উপরোক্ত পত্র মোতাবেক বাংলাদেশ নির্বাচন কমিশন কর্তৃক ৩১/১০/২০১৮ তারিখে জারিকৃত প্রজ্ঞাপন অনুযায়ী জাতীয় সংসদ নির্বাচন আচরণ বিধিমালা এর ১৪(২) এবং ১৪(৪) ধারায় নির্দেশনা রয়েছে। একাদশ জাতীয় সংসদ নির্বাচনে প্রতিদ্বন্দ্বী প্রার্থী অথবা তার মনোনীত প্রতিনিধিগণ যে সকল শিক্ষা প্রতিষ্ঠানে গভর্ণিং বডি/এডহক কমিটির সভাপতি হিসেবে দায়িত্বরত আছেন, সে সকল শিক্ষা প্রতিষ্ঠানে সভাপতি হিসেবে বিভাগীয় শহরে অবস্থিত শিক্ষা প্রতিষ্ঠানের ক্ষেত্রে সংশ্লিষ্ট বিভাগীয় কমিশনার, জেলা শহরে অবস্থিত শিক্ষা প্রতিষ্ঠানের ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলা প্রশাসক এবং উপজেলার ক্ষেত্রে সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার শিক্ষা প্রতিষ্ঠানের গভর্ণিং বডি/এডহক কমিটির সভাপতি হিসেবে দায়িত্ব পালন করবেন।

এমতাবস্থায়, উক্ত নির্দেশনা যথাযথ প্রতিপালন করার জন্য অনুরোধ করা হলো।

বিষয়টি অতীব জরুরী।

চেয়ারম্যানের আদেশক্রমে


২৭.১২.১৮

প্রফেসর ড. মোঃ হারুন-অর-রশিদ

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন: ০২-৫৮৬১২৪৭৬

ইমেইল: ic@dhakaeducationboard.gov.bd

মেমোঃ- বিবিধ/ ৬৫৪ (৪)

তারিখ: ২৭/১২/২০১৮

সংযুক্তি: শিক্ষা মন্ত্রণালয়ের আদেশের কপি

প্রাপক: অধ্যক্ষ/অধ্যক্ষ(ভারপ্রাপ্ত)

ঢাকা শিক্ষা বোর্ডের আওতাধীন সকল উচ্চমাধ্যমিক বিদ্যালয় ও কলেজ

প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ:

- ১। জেলা প্রশাসক (সকল)
- ২। উপজেলা নির্বাহী অফিসার (সকল)
- ৩। জেলা শিক্ষা অফিসার (সকল)
- ৪। অফিস কপি